দৈনিক জনকণ্ঠ

তারিখ 06 OCT 1995
পৃষ্ঠা ১ কলাম ৩

74

# ২৫ অক্টোবরের মধ্যে ৪ বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

আগামী ২৫ অক্টোবরের মধ্যে দেশের চারটি শিক্ষাবোর্ডের এইচএসসি পরীক্ষার ফল পৃথক পৃথকভাবে প্রকাশিত হবে। ফল প্রস্তুতির ক্ষেত্রে

(শেষ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## ২৫ অক্টোবরের

(প্রথম পাতার পর)

সবচেয়ে বেশি এগিয়ে আছে যশোর বোর্ড। এক্ষেত্রে কুমিল্লা শিক্ষাবোর্ড সবচেয়ে পিছিয়ে। ঢাকা ও রাজশাহী বোর্ডে রেজাল্ট ম্যাচিংয়ের কাজ চলছে, ১০ অক্টোবর পর্যন্ত ম্যাচিং চলবে। এর পর শুরু হবে টেবুলেশন— যা শেষ হতে সময় লাগবে ১২ থেকে ১৫ দিন। খবর নির্ভরযোগ্য সূত্রের।

জানা যায়, রাজশাহী শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ ফল প্রকাশের সম্ভাব্য তারিখ নির্ধারণ করেছে ২৫ অক্টোবর। বোর্ডের চেয়ারম্যান জানান, কোন অনাকাঙ্ক্ষিত ঘটনা না ঘটলে এই তারিখের মধ্যে ফল প্রকাশ সম্ভব হবে। বোর্ডের নাম প্রকাশে অনিচ্ছুক উর্ধতন কর্তৃপক্ষ জানান, ম্যাচিং করতে গিয়ে হাজারে গড়ে একটি ভুল পাওয়া যাচ্ছে। এই হিসাবে এক লাখ দশ হাজার পরীক্ষার্থীর মধ্যে শতাধিক খাতায় ভুল রয়েছে। তিনি বলেন, ম্যাচিংয়ের পর নির্ভুল ফল প্রকাশ সম্ভব হবে।

যশোর বোর্ড সূত্রে জানা যায়, আগামী ২০ অক্টোবরের মধ্যে এ বোর্ডের ফল প্রকাশ করা হবে। বোর্ডের দায়িত্বশীল একজন কর্মকর্তা জানান, টেবুলেশনের কাজ প্রায় শেষের পথে। এ বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৯৭ হাজার ৯শ' ৫৮ জন। বিভিন্ন বোর্ডের সাথে যোগাযোগ করে জানা যায়, এসএসসি'র মতো এইচএসসি'র রেজাল্টও পত্র-পত্রিকায় দেয়া হবে না। নিজ নিজ কেন্দ্র ও কলেজ থেকে পরীক্ষার্থীদের ফল সংগ্রহ করতে হবে।